(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা পরিষদ

শাল্লা, সুনামগঞ্জ

shalla.sunamganj.gov.bd

...


| | |
|---|---|
| সভাপতি | চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১৬ সেপ্টেম্বর, ২০২০ |
| সভার সময় | বেলা ১১ ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা পরিষদের মূখ্য কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সভাকে অবহিত করেন এবং কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন থাকলে তা উপস্থাপনের জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সিদ্ধান্ত: কার্যবিবরনীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদিত হয় | |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সদ্য যোগদান করায় কুশল বিনিময়ের মাধ্যমে জানান যে, স্বাস্থ্য কমপ্লেক্সে ল্যাব টেকনিশিয়ান না থাকার কারনে সাধারন চিকিৎসা থেকে জনগন বঞ্চিত হচ্ছে। তাছাড়া প্রতিবন্ধী রোগীদের সার্টিফিকেট প্রদানের জন্য প্রতিদিনই উপজেলা সমাজসেবা অফিস থেকে আবেদন প্রেরণ করা হয়, এতে দাপ্তরিক কাজে সমস্যার সৃষ্টি হয়। এজন্য সপ্তাহে দুদিন আবেদন প্রেরণ করার জন্য মতামত প্রদান করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রস্তাবের প্রেক্ষিতে সপ্তাহে রবিবার ও বুধবার এই দুদিন বিকাল ১ ঘটিকার মধ্যে আবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাল্লা |
| | উপজেলা প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী(এল জি ই ডি) এর পক্ষে অফিস সহকারী জনাব সুধা রঞ্জন দাস জানান যে, এডিপির প্রথম কিস্তি বাবদ ৩৫ লক্ষ ৫১ হাজার টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভাজন অনুযায়ি প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দ ও সকল বিভাগীয় প্রধানকে আগামী ১০ অক্টোবর, ২০২০ এর মধ্যে এল জি ই ডি দপ্তরে প্রকল্প তালিকা দাখিলের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন ।<br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে আগামী ১০ অক্টোবর, ২০২০ এর মধ্যে সকল ইউপি চেয়ারম্যান ও বিভাগীয় প্রধানকে বিভাজন অনুযায়ি প্রকল্প তালিকা এল জি ই ডি দপ্তরে দাখিলের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী,এল জি ই ডি, শাল্লা |

| | | |
|---|---|---|
| | প্রানিসম্পদ বিভাগ: প্রানিসম্পদ সম্প্রসারন অফিসার জনাব আল মামুন সভাপতির দৃষ্টি আকর্ষন করে জানান যে, শাল্লা উপজেলা কোন পশুর হাট না থাকায় একটি স্থায়ী পশুর হাট স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে আলোকপাত করেন। তাছাড়া এ উপজেলায় অনেক গরুর খামার রয়েছে, খামারে অনেক গরুর দুধ উৎপাদন হয়। প্রয়োজনীয় স্থানের অভাবে খামারিরা দুধ বিক্রি করতে পারেন না। এজন্য ঘুঙ্গিয়ারগাও বাজারের একটি স্থান দুধ বাজারের জন্য নির্ধারন করে দেওয়ার জন্য মতামত ব্যক্ত করেন।<br><br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে এই উপজেলায় কোন পশুর হাট না থাকায় উপজেলা সদরের পার্শ্ববর্তী সরকারী খাস ভূমিতে একটি স্থায়ী পশুর হাট স্থাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে স্থান নির্বাচন করে বিধি মোতাবেক পশুর হাট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), শাল্লা কে অনুরোধ করা হয়। দুধ বাজারের জন্য একটি স্থান নির্দিষ্ট করে দেওয়ার জন্য বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি ও সম্পাদককে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, শাল্লা |

| | | |
|---|---|---|
| | বিবিধ:<br>১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, শাল্লা শাখা সভায় জানান যে, বর্তমানে সোনালী ব্যাংকের অফিস ভবনটি ব্যবহার অনুপযোগী হওয়ায় পুরাতন মৎস্য বাজারে নির্মিত ভবনের নীচতলাসহ ব্যাংকের জন্য ভাড়া নেওয়ার প্রস্তাব পেশ করেন। বর্ণিত ভবনের নীচতলা ব্যবসায়ীদের স্বার্থে ভাড়া দেওয়া যাবে না মর্মে আলোচনা করা হয়, তাছাড়া পুরাতন মৎস্য বাজারের ভবনের নীচতলা ও নবনির্মিত ফিস সেডের পার্শে দুটি দোকান কোঠা ভাড়া দেওয়ার বিষয়ে ব্যবসায়ীদের নামের তালিকা ও ভাড়ার পরিমান ও শর্তাদি উল্লেখ করে প্রস্তাব দেওয়ার জন্য ৪ সদস্য বিশিষ্ট নিম্নরূপ কমিটি গঠন করা হয়;<br>ক। এডভোকেট দিপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান......আহবায়ক<br>খ। জনাব মোহাম্মদ মামুনুর রহমান, উপজেলা মৎস্য অফিসার......সদস্য<br>গ। জনাব বিধান চন্দ্র চৌধুরী, চেয়ারম্যান, বাহাড়া ইউপি......সদস্য<br>ঘ। জনাব মোহাম্মদ নুরুজ্জামান, উপসহকারী প্রকৌশলী, এল জি ই ডি......সদস্য সচিব<br><br>সিদ্ধান্ত: বর্ণিত কমিটিকে আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখের মধ্যে পুরাতন মৎস্য বাজারে নির্মিত ভবনের নীচতলা ও নবনির্মিত ফিস সেডের পাশে নির্মিত দুটি দোকান কোঠার ভাড়ার হার ও শর্তাদি নির্ধারন করে ব্যবসায়ীদের নামের তালিকা প্রস্তাব আকারে দাখিলের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা |
| | ২। বিগত পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদ ২০১৯ সালে শেষ হওয়ায় ২০২০ সালের ৩১ মে তারিখের মধ্যে বাৎসরিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ণ করার বিধান থাকা সত্ত্বেও করোনা ভাইরাস পরিস্থিতির কারণে যথাসময়ে তা করা সম্ভব হয়নি। এ অবস্থায় উপজেলা পরিষদ ম্যানুয়ালের ৩৮(৩) ধারার নির্দেশনা মতে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করার বিধান রয়েছে মর্মে উপজেলা পরিষদের মূখ্য কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভাপতিকে অবহিত করেন। এ বিষয়ে বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন সংক্রান্ত উপজেলা পরিষদের স্থায়ী কমিটিকে দায়িত্ব প্রদান করা সহ এবিষয়ে অধিকতর সহায়তার জন্য উপজেলা কৃষি সম্প্রসারন অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে কো-অপ্ট করে স্থায়ী কমিটিতে অন্তর্ভূক্তির জন্য আলোচনা করা হয়। তাছাড়া পরিকল্পনা প্রনয়নের ব্যয়ভার মিটানোর জন্য রাজস্ব খাত থেকে সম্ভাব্য ১ লক্ষ টাকার বাজেট নির্ধারন করার জন্য আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করার গুরুত্ব বিবেচনা করে প্রত্যেক বিভাগীয় প্রধান ও সকল ইউপি চেয়ারম্যানকে বার্ষিক ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করে আগামী ১০ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে খসড়া প্রস্তাব দাখিলের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পঞ্চবার্ষিক পরিকল্পনা বই আকারে ছাপানোসহ যাবতীয় ব্যয় মিটানোর জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১ লক্ষ টাকার সম্ভাব্য বাজেট নির্ধারন করা হয়। এ বিষয়ে স্থায়ী কমিটির আহবায়ককে উল্লিখিত সদস্যদের কো-অপ্ট করে আগামী ১০ অক্টোবর, ২০২০ তারিখের মধ্যে পঞ্চবার্ষিক পরিকল্পনার খসড়া প্রনয়ন করে প্রস্তাব আকারে দাখিলের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, শাল্লা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।



চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ
চেয়ারম্যান

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.১৯.৩০৭ তারিখ: ২ আশ্বিন ১৪২৭

১৭ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) ড. জয়া সেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৪) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

৬) অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা,সুনামগঞ্জ

৭) দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ

৮) উপজেলা.............অফিসার, শাল্লা, সুনামগঞ্জ

৯) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,সকল, শাল্লা, সুনামগঞ্জ

১০) জনাব..................................., শাল্লা, সুনামগঞ্জ

মোঃ আল-মুক্তাদির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার